# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 09-01-2026 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আইপ্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান ও তদন্তে মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী বাধা দেওয়ার অভিযোগে ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেও চরম বিশৃঙ্খলায় সেই মামলার শুনানি স্থগিত। পরবর্তী শুনানি ১৪-ই জানুয়ারী।

বিজেপি গতকালের ঘটনার পরিপ্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে।

২) পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্প কার্যকর না হওয়ায় কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা আবারও ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি আজ কল্যাণী এইমসে ক্যান্সার চিকিৎসার উন্নত পরিষেবার সূচনা করেন।

৩) রাজ্যে লোকায়ুক্ত পদে আজ শপথ নিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত।

৪) সারা রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত থাকলেও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে সর্বনিম্ন তাপমাত্রা সামান্য বেড়েছে।

৫) ইন্ডিয়ান ওমেন্স ফুটবল লিগে ইস্টবেঙ্গল ৩-০ গোলে গোকুলাম কেরালাকে হারিয়ে দিয়েছে।

*oooooooooooooooooooooooo*

আই প্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান ও তদন্তে মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী, মমতা ব্যানার্জীর বাধা দেওয়ার অভিযোগে ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেও চরম বিশৃঙ্খলার কারণে

আজ সেই মামলার শুনানি হতে পারেনি। পরবর্তী শুনানি ১৪-ই জানুয়ারী হবে বলে বিচারপতি শুভ্রা ঘোষ জানিয়ে দেন।

পরে ইডি জরুরী ভিত্তিতে এই মামলার শুনানির জন্য প্রধান বিচারপতির কাছে মেল করে আবেদন জানালেও প্রধান বিচারপতি সেই আবেদনে সাড়া দেননি। তিনি জানিয়ে দেন, জুডিশিয়াল ওর্ডারে তিনি কোন হস্তক্ষেপ করবেন না।

এদিকে, এক অভূতপূর্ব ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আই প্যাকের কর্ণধার প্রতীক জৈন-এর বাড়ি ও দফতরে ইডি-র তল্লাশি চালানোর ঘটনায় বিধাননগর ইলেক্ট্রনিক্স থানা এবং কলকাতার শেক্সপিয়ার থানায় ইডি-র বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছেন। পুলিশও শেক্সপিয়ার সরণী থানায় ইডি-র বিরুদ্ধে আর একটি মামলা রুজু করেছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ইডি-র এই তল্লাশির বিরুদ্ধে যাদবপুর থেকে হাজরা পর্যন্ত এক দলীয় পদযাত্রায় অংশ নিয়ে অভিযোগ করেন, রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতেই বিজেপি কেন্দ্রীয় এজেন্সিকে ব্যবহার করছে। তিনি দাবি করেন, গতকাল তিনি যা করেছেন, তাতে অন্যায় কিছু নেই।

এদিকে, দিনের ব্যস্ত সময় এই পদযাত্রার জেরে তীব্র যানজটে সাধারণ মানুষ আজ ব্যাপক অসুবিধার সম্মুখীন হন।

এদিকে, ইডি-র তল্লাশির প্রতিবাদে আজ দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সামনে তৃণমূল কংগ্রেসের কয়েকজন সাংসদ বিক্ষোভ দেখাতে গেলে, সাময়িক উত্তেজনা ছড়ায়। তৃণমূল কংগ্রেসের সাংসদ ডেরেক ওব্রায়ন, মহুয়া মৈত্র, সাকেত গোখলে, প্রতিমা মন্ডল সহ কয়েকজনকে পুলিশ দ্রুত সেখান থেকে সরিয়ে দেয়।

oooooooooooooooooooooooo

বিজেপি, ইডির দপ্তর থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নথি ও ইলেকট্রনিক্স যন্ত্র নিয়ে চলে যাওয়ার ঘটনার প্রতিবাদে রাজ্যপাল সিভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য কমিটির সদস্য শিশির বাজোরিয়া বলেন, মুখ্যমন্ত্রীর এই ধরনের কাজ গর্হিত ও অপরাধমূলক। এবিষয়ে তারা রাজ্যপালের কাছে অভিযোগ জানান। এবিষয়ে

বিজেপির এক প্রতিনিধি দল রাজ্যপালের কাছে অভিযোগ জানান, ওই দলে ছিলেন প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায়, মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র প্রমুখ। লকেটও পরে সাংবাদিকদের বলেন, মুখ্যমন্ত্রীর আচরণ অসাংবিধানিক।

(বাইট – লকেট)

এই ঘটনার প্রতিবাদে বিজেপি-র যুব মোর্চা আজ ধর্মতলায় বিক্ষোভ দেখায়। সাংসদ সৌমিত্র খাঁ এবং যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান কর্মসূচীতে যোগ দেন। সৌমিত্র খাঁ রাজ্যে ৩৫৫ ধারা জারির দাবি জানিয়েছেন। পাশাপাশি যেসস্ত পুলিশ আধিকারিক এই ঘটনায় যুক্ত তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ারও দাবি জানান তিনি।

এদিকে, বিজেপি সাংসদ রবিশঙ্কর প্রসাদ আই প্যাকের অফিস ও বাড়িতে তল্লাশি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর এতো আতঙ্কিত হওয়ার কি কারণ ছিল, সেই প্রশ্ন তুলেছেন। নতুন দিল্লিতে দলীয় সদর দফতরে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, কেন্দ্রীয় সংস্থা তাদের আইন অনুযায়ী এই তদন্ত চালাচ্ছিল।

(বাইট – রবিশঙ্কর)

oooooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী ই ডি র কাজে হস্তক্ষেপ করে রাজ্যে সাংবিধানিক প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটাচ্ছেন। তিনি আজ পশ্চিম মেদিনীপুরের ডেবরাতে পরিবর্তন সভায় ভাষণ দেন।

(বাইট – শুভেন্দু)

ওই পরিবর্তন সভাতে বিরোধী দলনেতার হাত ধরে বিজেপিতে যোগ দেন, সবং এর প্রবীণ তৃণমূল কংগ্রেস নেতা অমল পন্ড। এর আগে তিনি তৃণমূল কংগ্রেসের ঘাটাল জেলা সভাপতি থেকে শুরু করে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে ছিলেন ।

কোচবিহারের গোপালপুরে আজ পরিবর্তন সংকল্প সভায় উপস্থিত ছিলেন রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য, ও প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ। রাজ্য সভাপতি তৃণমূল সরকারের সমালোচনা করে বলেন এই সরকার উত্তরবঙ্গ কে বঞ্চিত করে রেখেছে।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্প কার্যকর না হওয়ায় কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগত প্রকাশ নাড্ডা আবারও ক্ষোভ প্রকাশ করেছেন। তিনিআজ নিউটাউনে সিএনসিআই-এর ক্যাম্পাস পরিদর্শনের পর সাংবাদিকদের একথা বলেন।

(বাইট – নাড্ডা)

শ্রী নাড্ডা আরও বলেন, কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট, সিএনসিআই দ্রুত রোগ নির্ণয়ের জন্য উন্নত মানের এমআরআই এবং পেট-সিটি পরিষেবা চালু করছে। চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে জানান, হাজরা ক্যাম্পাসে নতুন এই পরিষেবা চালু করা হবে। ফলে দ্রুত রোগ নির্ণয়ের পাশাপাশি সময় মতো চিকিৎসা শুরু করা সম্ভব হবে। সেখানে রোগীদের সংক্রমণ নিয়ন্ত্রণ ও সামগ্রিক পরিবেশ উন্নত করতে ক্যাম্পাসটির সংস্কার করা হচ্ছে। ফলে দ্রুত রোগ নির্ণয়ের পাশাপাশি সময়মতো চিকিৎসা শুরু করা সম্ভব হবে।

স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, সিএনসিআই ভারতের প্রথম সরকারি ক্যান্সার হাসপাতাল হিসেবে এনএবিএইচ সার্টিফিকেট অর্জন এবং রাজ্যের একমাত্র সরকারি হাসপাতাল হিসেবে ল্যাবরেটরি বিভাগে এনএবিএল স্বীকৃতি লাভ করেছে।

দেশের ২৭টি আঞ্চলিক ক্যান্সার কেন্দ্রের মধ্যে সিএনসিআই অন্যতম যার দুটি ক্যাম্পাস রয়েছে। এই ক্যান্সার ইনস্টিটিউট দেশের তৃতীয় শীর্ষস্থানীয় ইনস্টিটিউটে পরিণত হয়েছে,যা সরকারি ক্যান্সার ইনস্টিটিউট হিসেবে স্পর্শ করেছে গুরুত্বপূর্ণ মাইলফলক ।

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী এরপর কল্যাণী এইমসে যান। সেখানে তাকে স্বাগত জানান, এইমসের কার্যনির্বাহী আধিকারিক অরবিন্দ সিনহা।

oooooooooooooooooooooooo

নদীয়ার কল্যাণী এইমসেও  আজ ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে এক নতুন দিগন্তের সূচনা হলো। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে.পি. নাড্ডা আজ ওই হাসপাতাল পরিদর্শনের পর দূর নিয়ন্ত্রিত ব্যাবস্থার  মাধ্যমে ক্যান্সার রোগীদের জন্য রেডিও থেরাপি ইউনিট ,ব্রেকী থেরাপি ইউনিট ও অত্যাধুনিক সিটি স্ক্যান উইনিট ,নিউমেটিক সিস্টেম পরিষেবা এবং ৫৪ শজ্জার ট্রমা ইউনিট জাতির উদ্দেশ্যে উৎসর্গ  করেন   ।

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার , সাংসদ জগন্নাথ সরকার প্রমুখ আজকের অনুষ্ঠানে  উপস্থিত ছিলেন।

ooooooooooooooooooooooo

রাজ্যের লোকায়ুক্ত পদে আজ শপথ নিয়েছেন অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত। রাজ্যপাল সি ভি আনন্দ বোস  লোকভবনের সরদার প্যাটেল একতা হলে তাঁকে শপথবাক্য পাঠ করান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের সচিব, ঊর্ধ্বতন আধিকারিক এবং বিচারপতিরা।

সংবিধান অনুযায়ী লোকায়ুক্ত পদে দায়িত্ব গ্রহণের পর অবসরপ্রাপ্ত বিচারপতি সামন্ত রাজ্যে আইনের শাসন সুনিশ্চিত করার লক্ষ্যে কাজ করবেন।

oooooooooooooooooooooooooo

হাওড়া – অসমের কামাখ্যার মধ্যে বন্দেভারত স্লিপার ট্রেনের সম্ভাব্য সময় সূচী ও স্টপেজ আজ রেলের পক্ষ থেকে জানানো হয়েছে। কামাখ্যা থেকে বুধ এবং হাওড়া থেকে বৃহস্পতিবার বাদে সপ্তাহে ৬ দিন এই ট্রেন চলাচল করবে।

কামাখ্যা থেকে সন্ধে ৬ টা ১৫ মিনিটে ছেড়ে পরদিন সকাল ৮ টা ১৫ মিনিটে হাওড়া পৌঁছাবে। অন্যদিকে, হাওড়া থেকে সন্ধে ৬ টা ২০ মিনিটে ট্রেনটি ছেড়ে পরদিন সকাল ৮ টা ২০ মিনিটে কামাখ্যা পৌঁছাবে।

কামাখ্যা ও হাওড়ার মধ্যে চলাচলের পথে যে সমস্ত স্টেশনে ট্রেনটি থামবে সেগুলি হলো -  Rangiya, নিউ বঙ্গাইগাঁও, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, জলপাইগুড়ি

রোড, নিউ জলপাইগুড়ি, আলুয়াবাড়ি রোড, মালদা টাউন, নিউ ফারাক্কা, আজিমগঞ্জ, কাটোয়া, নবদ্বীপ ধাম ও ব্যান্ডেল ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ প্রতীক্ষার অবসানে উত্তর দিনাজপুরের রাধিকাপুর থেকে বেঙ্গালুরু এসএম ভি টি এক্সপ্রেস শীঘ্রই চালু হতে চলেছে। রায়গঞ্জের সাংসদ কার্তিক পাল আজ এক সাংবাদিক সম্মেলনে জানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ১৭ তারিখ মালদা থেকে ট্রেনটির উদ্বোধন করবেন। প্রাথমিকভাবে ট্রেনটি চলাচল করবে সপ্তাহে ১ দিন।

সাংসদ বলেন, দীর্ঘদিন ধরেই জেলার মানুষ এই ট্রেনের দাবি জানাচ্ছিলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের উদ্যোগে তা সম্ভব হলো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পাঁচ দিন ব্যাপী সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলার  আজ সূচনা হলো রবীন্দ্রসদন নন্দন চত্বরে। একতারা মুক্ত মঞ্চে  এর উদ্বোধন করেন প্রবীণ সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়। এবারের মেলায় ৫০০ টি পত্র পত্রিকা অংশ নিয়েছে সারা রাজ্য থেকে।১০০০ কবি সাহিত্যিক এই উৎসবে কবিতা ও গল্প পাঠ করবেন। এঁদের মধ্যে ২৭ জনকে আজকের অনুষ্ঠানে স্মারক সম্মান জানানো হয়। সার্ধশতবর্ষ উদযাপন উপলক্ষে প্রকাশিত হয় “বন্দেমাতরম ফিরে দেখা গ্রন্থ"।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত থাকলেও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে সর্বনিম্ন তাপমাত্রা সামান্য বেড়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা দুটোই গতকালের থেকে কিছুটা বেশি ছিল। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়

১২.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২২.৬ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে দুই দশমিক ১ ডিগ্রি কম।

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরের উপর সৃষ্টি অতি গভীর নিম্নচাপটি ধীরে ধীরে উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে। তবে, এর কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যে পড়বে না । কিন্তু বায়ু স্তরের নিম্নভাগে উত্তর-পশ্চিম ও উত্তরে বাতাসের প্রবাহ বেশি থাকায় আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক ও শীতল আবহাওয়া বজায় থাকবে।

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে নূন্যতম তাপমাত্রা আরও এক থেকে দুই ডিগ্রি বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা। সকালের দিকে উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কোচবিহার উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলায় ঘন কুয়াশার সর্তকতা দেয়া হয়েছে। এরফলে কমতে পারে দৃশ্যমানতা।

*oooooooooooooooooooooooo*

ইন্ডিয়ান ওমেন্স ফুটবলে লিগে ইস্টবেঙ্গল ৩-০ গোলে গোকুলাম কেরালাকে হারিয়ে দিয়েছে। কল্যাণী স্টেডিয়ামে আজ এই ম্যাচে গোল করেছেন ফাজিলা ইকবাপুট,রেস্তি নানজিরী,,সুলঞ্জনা রাউল ।

*ooooooooooooooooooooo*

*oooooooooooooooooooooooo*